



চট্টগ্রাম কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশন

CHATTOGRAM CUSTOMS AGENTS ASSOCIATION

সিএন্ডএফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আখ্ৰাবাদ বা/এ, চট্টগ্রাম- ৪১০০

নির্বাচন কমিশনের দপ্তর

প্রচার পত্র নং- ০১/২০২৪

তারিখ : ০২/১২/২০২৪ খ্রি.

চট্টগ্রাম কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশনের কার্যনির্বাহী পরিষদ নির্বাচন (২০২৫-২০২৭) এর ভোটার তালিকায় নাম অন্তর্ভুক্তকরণ সংক্রান্ত বিশেষ দৃষ্টি আকর্ষণ

এসোসিয়েশনের কার্যনির্বাহী পরিষদ নির্বাচন (২০২৫-২০২৭) এ ভোটাধিকার প্রয়োগের সুবিধার্থে এসোসিয়েশনের গঠনতন্ত্রের অনুচ্ছেদ ৪ (ঘ) এর অংশবিশেষ এবং অনুচ্ছেদ ১৮ (ড) সম্মানিত সদস্যদের অবগতির জন্য নিম্নে বর্ণিত হলো।

অনুচ্ছেদ: “৪(ঘ) প্রতি পাঁচ বছর অন্তর প্রত্যেক সদস্য এসোসিয়েশনের নির্ধারিত ফি ও অন্যান্য পাওনা (যদি থাকে) সমূহ পরিশোধ করে সদস্য পদ নবায়ন করবেন। কোন সদস্য প্রতিষ্ঠান নবায়নে ব্যর্থ হলে পরবর্তী নির্বাচনে ভোটার হিসাবে গণ্য হবেন না।”

অনুচ্ছেদ: “১৮(ড) যে সদস্য পূর্ববর্তী বছরের ৩১ ডিসেম্বরের মধ্যে এসোসিয়েশনের সকল পাওনা পরিশোধ পূর্বক ভোটার তালিকায় নাম অন্তর্ভুক্ত করতে ব্যর্থ হয়েছেন তিনি নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা ও ভোটাধিকার প্রয়োগ করতে পারবেন না।”

এ প্রেক্ষিতে ভোটার তালিকায় নাম অন্তর্ভুক্তকরণের জন্য আগামী ৩১/১২/২০২৪ ইং তারিখের মধ্যে এসোসিয়েশনের নির্ধারিত ফি ও অন্যান্য পাওনাদি পরিশোধ করার জন্য সম্মানিত সদস্যদেরকে অনুরোধ জানানো যাচ্ছে।

ধন্যবাদান্তে,

আলহাজ্ব মোহাম্মদ শরিফ

প্রধান নির্বাচন কমিশনার

চট্টগ্রাম কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশন।